জনকল্যাণে রাজস্ব

উন্নয়নের অভিযাত্রায় রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-ময়মনসিংহ।
আদিবা আনোয়ার নিবাস, ২২, অমৃত বাবু রোড, ময়মনসিংহ-২২০০
www.taxzonemymensingh.gov.bd

## উৎসে আয়কর কর্তন/সংগ্রহ ও জমাদানের নির্দেশিকা

(কর্তনের হার সহ)
০১ জুলাই ২০২৪ হতে প্রযোজ্য

### কর অঞ্চল-ময়মনসিংহ এর উৎসে আয়কর কর্তন সংক্রান্ত অধিক্ষেত্র ঃ

কর অঞ্চল-ময়মনসিংহ এর অধিক্ষেত্রাধীন ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোণা ও কিশোরগঞ্জ জেলার উৎসে কর্তিত বা সংগৃহীত আয়কর জাতীয় রাজস্ব বোর্ডের আদেশানুযায়ী কেবল কর অঞ্চল-ময়মনসিংহ এর অনুকূলে নিম্নোক্ত কোডে জমা প্রদান করতে হবে-

- আয়কর জমার কোড:

| | |
|---|---|
| ১১১০২১৫১০২৪৩৫-১১০০০০০০-১১০০১০০০-১১১২১০১ | বিল গ্রহণকারী কোম্পানি হলে |
| ১১১০২১৫১০২৪৩৫-১১০০০০০০-১১০০১০০০-১১১১১০১ | বিল গ্রহণকারী কোনো স্বাভাবিক ব্যক্তি/ফার্ম/ব্যক্তিসংঘ/ট্রাস্ট/তহবিল হলে |

| | | |
|---|---|---|
| উৎসে কর্তনকৃত বা সংগৃহীত কর জমার সময়সীমা (উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ৯) | • অর্থ বছরের জুলাই থেকে মে মাসের যেকোনো কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের মাসের শেষে পরবর্তী ০২ (দুই) সপ্তাহের মধ্যে |
| | • অর্থ বছরের জুন মাসের ১ম থেকে ২০তম দিনের যেকোনো দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের দিনের পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে |
| | • অর্থ বছরের জুন মাসের অন্যান্য যেকোন দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের পরবর্তী দিন |
| | • অর্থ বছরের জুন মাসের শেষ কর্মদিবসে কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের দিন |

### উৎসে কর কর্তন বা সংগ্রহ না করলে অথবা কর্তনকৃত কর সরকারি কোষাগারে জমা না দিলে ঃ

- উৎসে কর কর্তনকারী বা সংগ্রহকারী ব্যক্তি ঐ করের জন্য খেলাপি করদাতা হিসাবে গণ্য হবেন। {আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪৩(১)}
- যে পরিমাণ অর্থ কর্তন বা সংগ্রহ করা হয়নি; যে পরিমাণ কম কর্তন বা সংগ্রহ করা হয়েছে; বা কর কর্তন বা সংগ্রহ করার পরে যে পরিমাণ অর্থ সরকারের অনুকূলে জমা প্রদান করা হয়নি তার সমপরিমাণ অর্থ; এবং অন্য যেকোনো বিধানাবলি পরিপালনের ব্যর্থতায় অনধিক ১০ লক্ষ টাকা পরিশোধের জন্য দায়ী থাকবেন। {আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪৩(২)}
- উৎসে কর কর্তনকারী বা সংগ্রহকারী ব্যক্তি মাসিক ২% হারে অতিরিক্ত পরিমাণ অর্থ পরিশোধের জন্য দায়ী থাকবেন। {আয়কর আইন ২০২৩, এর ধারা ১৪৩(৩)}
- ১ (এক) বছর পর্যন্ত সশ্রম কারাদন্ড, বা অর্থদন্ড, বা উভয়দন্ডে দন্ডিত হবেন। আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩১৫)

### উৎসে কর (TDS = Tax Deduction at Source) কর্তনকারী বা সংগ্রহকারীগণ লক্ষ্য করুন ঃ

- TDS কর্তনকারী বা সংগ্রহকারী কর্তৃপক্ষ বিল গ্রহণকারীকে একটি সনদ প্রদান করবেন। {ধারা ১৪৫/বিধি ১১(১), ১১(২) ও ১১(৩)}
- আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৭৭/উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ১৫ মোতাবেক- (ক) কোম্পানি, ধারা ২(৩১) অনুযায়ী সংজ্ঞায়িত; (খ) ফার্ম; (গ) ব্যক্তিসংঘ; (ঘ) বেসরকারি হাসপাতাল; (ঙ) ক্লিনিক ও (চ) ডায়াগনস্টিক সেন্টার উক্ত আইনের অংশ ৭ এর বিধানাবলীর অধিন কর্তনকৃত বা সংগ্রহকৃত করের রিটার্ন (উৎসে করের রিটার্ন) প্রতি মাসের ২৫ (পঁচিশ) তারিখের মধ্যে করদাতা যে উপকর কমিশনারের অধিক্ষেত্রের আওতাধীন তার নিকট দাখিল করবেন।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৭৭ এবং উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ১৫ এর তফসিল ১ এ বর্ণিত উৎসে কর এর রিটার্ন দাখিলে ব্যর্থতায় ধারা ২৬৬(২) অনুযায়ী জরিমানার পরিমাণ হবে সর্বশেষ নিরূপিত আয়ের উপর ধার্যকৃত করের ১০% অথবা ৫ (পাঁচ) হাজার টাকা, দুটির মধ্যে যা অধিক সে পরিমাণ।

যোগাযোগের জন্য ঃ উপকর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), ফোন ০২৯৯৬৬-৬৬১৭৫
উপকর কমিশনার, সদর দপ্তর (প্রায়োগিক), ফোন ০২৯৯৬৬-৬৬১৯১

প্রচারে ঃ
**কর অঞ্চল-ময়মনসিংহ**
e-mail : ctmymensingh@gmail.com
ফোন ঃ ০২৯৯৬৬-৬৬১২৪

CamScanner

সংক্ষেপে উৎসে আয়কর কর্তনের গুরুত্বপূর্ণ খাত, ধারা, হার ও কর্তনকারী কর্তৃপক্ষ ঃ (বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট ধারা ও বিধি দেখুন)

| ক্র: | উৎসে কর কর্তনের খাত | আয়কর আইন, ২০২৩ এর ধারা/ উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি | উৎসে কর কর্তনের প্রযোজ্য হার | | কর্তনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১. | চাকরি হতে আয় (বেসরকারি) | ধারা ৮৬ | প্রাপকের প্রাক্কলিত আয়ের উপর প্রযোজ্য করের গড় হারে | | চাকরির অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| | চাকরি হতে আয় (সরকারি) | ধারা ৮৬(৩) | | | আয়ন-ব্যয়ন কর্মকর্তা (ডিডিও) |
| ২. | অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল ও শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে প্রদত্ত অর্থ হতে উৎসে কর কর্তন | ধারা ৮৮ | ১০% | | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ৩. | (ক) সিগারেট, বিড়ি, জর্দা, তামাক পাতা, গুলসহ যেকোনো ধরণের তামাকজাত পণ্য সরবরাহ | ধারা ৮৯/বিধি ৩(১)(ক) | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ১০% | কোনো নির্দিষ্ট ব্যক্তি/অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| | (খ) ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের জন্য সম্পাদিত চুক্তির বিপরীতে সেবা সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯/বিধি ৩(১)(খ) | ভিত্তিমূল্যের উপর | ৭% | |
| | (গ) ১. এমএস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে এবং স্থানীয় ভাবে ক্রয়কৃত এমএস স্ক্রাপের ক্ষেত্রে | ধারা ৮৯/বিধি ৩(১)(গ) | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ০.৫% | |
| | ২. পেট্রোলিয়াম তেল এবং লুব্রিকেন্ট বিপণনে নিযুক্ত তেল বিপণন কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ০.৬% | |
| | ৩. পেট্রোলিয়াম তেল বিপণন কোম্পানির ডিলার বা এজেন্ট কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ১% | |
| | ৪. চাল, গম, আলু, মাছ, মাংস, পিঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা লবণ, ভোজ্যতেল, চিনি, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, খেজুর, তেজপাতা, পাট, তুলা, সুতা এবং সব ধরণের ফলের ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ১% | |
| | ৫. এমএস বিলেট ব্যতীত সিমেন্ট, লৌহ বা লৌহ পণ্য, ফেরোঅ্যালয় পণ্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ২% | |
| | ৬. তেল শোধন (Oil refinery) কার্যক্রমে নিযুক্ত কোনো কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ২% | |
| | ৭. গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ৩% | |
| | ৮. গ্যাস বিতরণে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ৩% | |
| | ৯. স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization Line রয়েছে এরূপ কোনো কোম্পানি কর্তৃক তৈরীকৃত ৩৩ কেভি হতে ৫০০ কেভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ৩% | |
| | ১০. সরকার, সরকারের কোনো কর্তৃপক্ষ, কর্পোরেশন, বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধীনস্থ অফিস ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ৩% | |
| | ১১. রিসাইকেল্ড সিসা সরবরাহের ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ৩% | |
| | ১২. শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ৩% | |
| | ১৩. (ক) ক্রমিক নং ১ হতে ১২ তে বর্ণিত হয়নি এমন সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে<br>(খ) ধারা ৮৬ এ উল্লিখিত অন্যান্য সকল ক্ষেত্রে | | যে কোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর | ৫% | |

বিধি ৩(১)(ঘ) পেট্রোল পাম্প বা সিএনজি স্টেশন কর্তৃক তেল বা গ্যাস সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না;

বিধি ৩(২) যেক্ষেত্রে কোনো আমদানিকৃত পণ্যের বিপরীতে ধারা ১২০ এর অধীন কর পরিশোধিত হয়েছে এবং উক্ত আমদানিকৃত পণ্য সরবরাহ করা হয়, সেক্ষেত্রে উৎসে করের পরিমাণ (খ-ক) নিয়মে নির্ধারিত হবে, যেখানে- (ক) = ধারা ১২০ এর অধীন আমদানিকৃত পণ্যের উপর পরিশোধিত কর; (খ) = ধারা ১২০ এর অধীন আমদানিকৃত পণ্যের উপর কোনো উৎসে কর পরিশোধিত না থাকলে ধারা ৮৯ এর অধীনে যে কর কর্তন করা হতো;

বিধি ৩(৩) যেক্ষেত্রে ধারা ৯৪ এর অধীন কর উৎসে কর পরিশোধিত কোনো পণ্য সরবরাহ করা হয়, সেক্ষেত্রে উৎসে করের পরিমাণ (খ-ক) নিয়মে নির্ধারিত হবে, যেখানে- (ক) = ধারা ৯৪ এর অধীন পরিশোধিত কর; (খ) = ধারা ৯৪ এর অধীন পণ্যের উপর কোনো উৎসে কর পরিশোধিত না থাকলে ধারা ৮৯ এর অধীনে যে কর কর্তন করা হতো; তবে শর্ত থাকে যে, ধারা ৯৪ তে বর্ণিত চুক্তি মোতাবেক কোনো ডিস্ট্রিবিউটর অথবা অন্য কোনো ব্যক্তি কর্তৃক পণ্য সরবরাহের ক্ষেত্রে এ উপ-বিধিতে বর্ণিত "খ" নিম্নরূপে পরিগণিত হবে-

(খ) = {ধারা ৯৪ এর অধীন কোনো ডিস্ট্রিবিউটর বা অন্য কোনো ব্যক্তির নিকট কোম্পানির পণ্যের বিক্রয়মূল্য} × ৫% × ১০%;

বিধি ৩(৪) যেক্ষেত্রে উৎসে কর কর্তনযোগ্য প্রাপক বা প্রাপকের আয় করমুক্ত বা হ্রাসকৃত হারে করারোপযোগ্য সেক্ষেত্রে উক্ত প্রাপকের আবেদনের ভিত্তিতে বোর্ড কর্তৃক প্রদত্ত সনদ মোতাবেক উৎসে কর কর্তন করতে হবেনা বা হ্রাসকৃত হারে কর কর্তন করতে হবে।

CS CamScanner

## সেবার ক্ষেত্রে পরিশোধ হতে কর কর্তন ধারা ৯০/বিধি ৪

| ক্রম | সেবার বিবরণ | ভিত্তি | হার | ধারা/বিধি | কর্তনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ৪. | ১। উপদেষ্টা বা পরামর্শক | | ১০% | ধারা ৯০/বিধি ৪(১) | কর্তনকারী কর্তৃপক্ষ: কোনো নির্দিষ্ট ব্যক্তি/অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| | ২। পেশাদার সেবা (professional service), কারিগরি সেবা ফি, (technical service fee), বা কারিগরি সহায়তা ফি (technical know-how or technical assistance fee) | | ১০% | | |
| | ৩। (ক) ক্যাটারিং; (খ) ক্লিনিং; (গ) সংগ্রহ এবং পুনরুদ্ধার এজেন্সি; (ঘ) ব্যক্তিগত নিরাপত্তা; (ঙ) জনবল সরবরাহ (চ) ক্রিয়েটিভ মিডিয়া; (ছ) জনসংযোগ; (জ) ইভেন্ট পরিচালনা; (ঝ) প্রশিক্ষণ কর্মশালা ইত্যাদি পচালনা; (ঞ) কুরিয়ার সার্ভিস; (ট) প্যাকিং এবং শিফটিং; (ঠ) একই প্রকৃতির অন্যান্য সেবা** | (১) কমিশন বা ফি এর উপরে | ১০% | | |
| | | (২) মোট বিল এর উপরে | ২% | | |
| | ৪। মিডিয়া ক্রয়ের এজেন্সি সেবা** | (১) কমিশন বা ফি এর উপরে | ১০% | | |
| | | (২) মোট বিল এর উপরে | ০.৬৫% | | |
| | ৫। ইন্ডেন্টিং কমিশন | | ৮% | | |
| | ৬। মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী | | ১০% | | |
| | ৭। মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা সেবা প্রদানকারী | | ১২% | | |
| | ৮। ক্রেডিট রেটিং এজেন্সি | | ১০% | | |
| | ৯। মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ | | ৮% | | |
| | ১০। ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড | | ৮% | | |
| | ১১। শিপিং এজেন্সি কমিশন | | ৬% | | |
| | ১২। স্টিভেডোরিং/বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটর/শীপ হ্যান্ডলিং অপারেটর** | (১) কমিশন বা ফি এর উপরে | ১০% | | |
| | | (২) মোট বিল এর উপরে | ৫% | | |
| | ১৩। (১) পরিবহণ সেবা, গাড়ি ভাড়া, ক্যারিয়িং সেবা এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ সেবা (২) রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যেকোনো প্রকার শেয়ারিং ইকোনমিক প্লাটফর্ম | | ৫% | | |
| | ১৪। বিদ্যুৎ সঞ্চালনায় নিমিত্ত হুইলিং চার্জ | | ৩% | | |
| | ১৫। ইন্টারনেট সেবা | | ১০% | | |
| | ১৬। মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের এজেন্ট, ডিস্ট্রিবিউটর, এজেন্সি বা চ্যানেল পার্টনার, যে নামেই অভিহিত হোক না কেন | | ১০% | | |
| | ১৭। ফ্রেইট ফরওয়ার্ড এজেন্সির কমিশনের উপর | | ১০% | | |
| | ১৮। ফ্রেইট ফরওয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যতিরেকে গ্রস বিলের উপর | | ২.৫০% | | |
| | ১৯। ক্রমিক নং ১ হতে ১৮ তে বর্ণিত হয়নি এরূপ অন্য কোনো সেবা যা আইনের অন্য কোনো ধারার অধীন কর কর্তন যোগ্য নয় | | ১০% | | |

*ক্রমিক নং ১ হতে ১৮ এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্য কোনো সেবা যদি কোনো ব্যাংক, ইন্সুরেন্স, আর্থিক প্রতিষ্ঠান বা মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী কোনো প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হয় উহার উপর এ বিধির অধীন কর কর্তন প্রযোজ্য হবে না;

**ক্রমিক নং ৩,৪ ও ১২ এ বর্ণিত উভয় ক্ষেত্রেই কমিশন বা ফি এবং মোট বিল প্রদর্শিত হয় সেক্ষেত্রে বিধি ৪(১) এর (খ) শর্ত মোতাবেক কর পরিশোধ করতে হবে।

| ক্রঃ | উৎসে কর কর্তনের খাত | ধারা/বিধি | উৎসে কর কর্তনের প্রযোজ্য হার | | কর্তনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ৫. | স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ হতে কর্তন: রয়্যালটি, ফ্রাঞ্চাইজ বা লাইসেন্স, ট্রেডমার্ক, পেটেন্ট, কপিরাইট, শিল্প নকশা, উদ্ভিদের জাত, ভৌগলিক নির্দেশক পণ্য বা মেধাসত্ত্ব সংক্রান্ত অন্য কোনো সম্পত্তি অথবা অভৌত বা নিরাকার বিষয়ের জন্য অর্থ পরিশোধ | ধারা ৯১ | ভিত্তিমূল্যের পরিমাণ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা অতিক্রম না করলে | ১০% | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| | | | ভিত্তিমূল্যের পরিমাণ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা অতিক্রম করলে | ১২% | |
| ৬. | প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় হতে কর কর্তন | ধারা ৯২ | ৫% | | নির্দিষ্ট ব্যক্তি |
| ৭. | অভিনেতা, অভিনেত্রী, প্রযোজক, ইত্যাদি ব্যক্তিকে পরিশোধিত অর্থ হতে কর কর্তন | ধারা ৯৩ | ১০% | | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ৮. | কমিশন, ডিসকাউন্ট, ফি, ইত্যাদি হতে কর কর্তন | ধারা ৯৪(১) | ১০% (কমিশন, বাট্টা, ফি, প্রণোদনা বা কর্মদক্ষতা ভাতা বা একই প্রকৃতির সুবিধার আর্থিক মূল্যের উপর) | | কোনো কোম্পানি বা ফার্মের বা অন্য কোনো ব্যক্তির পক্ষে অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| | | ধারা ৯৪(২) | ১.৫% (পণ্য বিপণন বা বাজারজাতকরণের সাথে সম্পৃক্ততার জন্য প্রদত্ত অর্থের উপর) | | |
| | | ধারা ৯৪(৩) | খ × গ এর ৫% (খ = পরিবেশক বা অন্য কোনো ব্যক্তির নিকট কোম্পানি বা ফার্মের বিক্রয় মূল্য, গ = ৫%) (নির্ধারিত খুচরা মূল্য হতে কম মূল্যে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে) (তেল বিপণন কোম্পানি ব্যতীত) | | |
| ৯. | ট্রাভেল এজেন্ট এর নিকট হতে কর কর্তন | ধারা ৯৫ | ০.৩% (টিকেট বিক্রয় বা কার্গো বিমানে পণ্য পরিবহণ) | | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ১০. | ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ হতে কর কর্তন | ধারা ৯৬ | ৫% | | ঋণপত্র খোলার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ১১. | সেলুলার মোবাইল ফোন অপারেটর কর্তৃক পরিশোধিত অর্থের উপর কর কর্তন | ধারা ৯৮ | ২০% | | কোম্পানির প্রধান নির্বাহী |
| ১২. | জীবন বিমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোনো পরিশোধ হতে কর কর্তন | ধারা ৯৯ | ৫% | | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ১৩. | বিমার কমিশনের অর্থ হতে কর কর্তন | ধারা ১০০ | ৫% | | ঐ |
| ১৪. | সাধারণ বিমা কোম্পানি জরিপকারীদের ফি, ইত্যাদি হতে কর কর্তন | ধারা ১০১ | ১৫% | | ঐ |
| ১৫. | নিবাসীর সুদ আয় হতে কর কর্তন | ধারা ১০৪ | ১০% (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত ঋণের সুদের ক্ষেত্রে) | | কোনো নির্ধারিত ব্যক্তি |
| ১৬. | সঞ্চয় পত্রের মুনাফা হতে কর কর্তন | ধারা ১০৫ | ১০% (৫ লক্ষ টাকা পর্যন্ত পেনশনের সঞ্চয় পত্রের জন্য নয়) | | মুনাফা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ১৭. | সিকিউরিটিজের সুদ হতে উৎসে কর কর্তন | ধারা ১০৬ | ৫% (ডিসকাউন্ট, সুদ বা মুনাফার উপর) | | সিকিউরিটিজ ইস্যুর দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ১৮. | ভাড়া হতে উৎসে কর কর্তন | ধারা ১০৯ | ৫% (কোনো গৃহ সম্পত্তি; হোটেল বা গেস্ট হাউজ; খালি স্থান বা প্ল্যান্ট বা যন্ত্রপাতি; বা সরকারি জলাধার ব্যতীত অন্য কোনো জলাধার ভাড়া এর উপর) | | কোনো নির্দিষ্ট ব্যক্তি/অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি (ভাড়া গ্রহণকারী) |

CamScanner

| ক্রঃ | উৎসে কর কর্তনের খাত | ধারা/বিধি | উৎসে কর কর্তনের প্রযোজ্য হার | কর্তনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১৯. | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, ইত্যাদি হতে সেবা প্রদানের জন্য কর কর্তন | ধারা ১১০ | ৫% (কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, কক্ষ, বা ক্ষেত্রে, হল, হোটেল, কমিউনিটি সেন্টার বা কোনো রেস্টুরেন্ট ভাড়া বা স্থান ব্যবহারের জন্য) | কোনো নির্দিষ্ট ব্যক্তি/অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি (ভাড়া গ্রহণকারী) |
| ২০. | সম্পত্তি অধিগ্রহণের ক্ষতিপূরণ হতে উৎসে কর কর্তন | ধারা ১১১(ক) | ৬% (কোনো স্থাবর সম্পত্তি সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় অবস্থিত হলে) | ক্ষতিপূরণ প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| | | ধারা ১১১(খ) | ৩% (কোনো স্থাবর সম্পত্তি সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় বাইরে অবস্থিত হলে) | |
| ২১. | নগদ রপ্তানি ভর্তুকির উপর উৎসে কর কর্তন | ধারা ১১২ | ১০% | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ২২. | বিদ্যুৎ ক্রয়ের বিপরীতে কর কর্তন | ধারা ১১৪ | ৬% | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বা বিদ্যুৎ বিতরণে নিয়োজিত অন্য কোনো ব্যক্তি অথবা ক্যাপটিভ বিদ্যুৎ উৎপাদনকারী হতে বিদ্যুৎ ক্রয় করেন এরূপ কোনো নির্দিষ্ট ব্যক্তি |
| ২৩. | রিয়েল এস্টেট উন্নয়নকারীর (ডেভেলপার) নিকট হতে ভূমির মালিক কর্তৃক প্রাপ্ত আয় হতে কর কর্তন | ধারা ১১৫ | ১৫% (সাইনিং মানি, পণমূল্য, বাড়ির ভাড়া বা যে কোনো নামে অভিহিত হোক না কেন, ভূমি মালিককে প্রদানকৃত অর্থ এর উপর) | রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়ন ব্যবসায় জড়িত কোনো ব্যক্তি |
| ২৪. | বিদেশি ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক হতে কর কর্তন | ধারা ১১৬ | ১০% | কোনো ব্যাংক |
| ২৫. | লভ্যাংশ হতে কর কর্তন | ধারা ১১৭ | (ক) শেয়ার হোল্ডার যদি কোম্পানি হয় তা হলে কোম্পানির উপর প্রযোজ্য ২০% হারে;<br>(খ) শেয়ার হোল্ডার যদি কোম্পানি ব্যতীত কোনো ব্যক্তি হয় (১) TIN থাকলে ১০%; (২) TIN না থকলে ১৫% | কোম্পানির মুখ্য কর্মকর্তা (প্রধান নির্বাহী) |
| ২৬. | লটারি ইত্যাদি হতে প্রাপ্ত আয় হতে কর কর্তন | ধারা ১১৮ | ২০% | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ২৭. | আমদানিকারকদের নিকট হতে কর সংগ্রহ | ধারা ১২০ /বিধি ৮ | বিধি ৮ (ক) ৫% (সাধারণ হার), (খ) ১% (সারণী-১), (গ) ২% (সারণী-২), (ঘ) ৫০০/- প্রতি টন (সারণী-৩), (ছ) ৩% (সারণী-৬), (জ) ২০% (সারণী-৭) এবং (ঝ) ২০% (সারণী-৮) | কমিশনার, কাস্টমস বা ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মকর্তা |
| ২৮. | জনশক্তি হতে কর সংগ্রহ | ধারা ১২১ | ১০% (সার্ভিস চার্জ বা ফি'র); ৫০,০০০/- (লাইসেন্স ইস্যু বা নবায়নের জন্য) | জ. ক. ও প্র. ব্যুরো মহাপরিচালক |
| ২৯. | ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্টদের নিকট হতে কর সংগ্রহ | ধারা ১২২ | ১০% | কমিশনার, কাস্টমস |
| ৩০. | রপ্তানি আয় হতে কর সংগ্রহ | ধারা ১২৩ | ১% | কোনো ব্যাংক |
| ৩১. | কোনো সেবা, রেভিনিউ শেয়ারিং, ইত্যাদি বাবদ বিদেশ হতে প্রেরিত আয় হতে কর কর্তন | ধারা ১২৪ | ৭.৫% (ফি, সেবা চার্জ বা পারিশ্রমিকের উপর); ফ্রেইড ফরওয়ার্ড এজেন্ট কর্তৃক গৃহিত অর্থ- যদি শুধু কমিশন হয় উক্ত কমিশনের উপর ১০%; যদি গ্রস বিল বা কমিশনসহ গ্রস বিল হয় উক্ত বিলের উপর ২.৫% হারে | পরিশোধ বা জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ৩২. | সম্পত্তি হস্তান্তর, ইত্যাদি হতে কর সংগ্রহ | ধারা ১২৫/ বিধি ৬ | (১) ময়মনসিংহ সিটি কর্পোরেশন ও জেলা সদরে অবস্থিত সকল পৌরসভার অন্তর্গত সকল মৌজা- দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৬%<br>(২) অন্য যে কোনো পৌরসভার অন্তর্গত সকল মৌজা- দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৪%<br>(৩) সকল উপজেলার (পৌরসভা ব্যতীত) অন্তর্গত সকল মৌজা- দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ২%<br>উক্ত ভূমিতে কোনো স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস থাকলে অতিরিক্ত কর- (১) নং এর ক্ষেত্রে প্রতি বর্গমিটার ৫০০/- অথবা দলিলে উল্লিখিত মূল্যের ৬% এর মধ্যে যা অধিক; অন্যান্য ক্ষেত্রে- প্রতি বর্গমিটার ৩০০/- অথবা দলিলে উল্লিখিত মূল্যের ৬% এর মধ্যে যা অধিক | দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো নিবন্ধন কর্মকর্তা |
| ৩৩. | ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপারের নিকট হতে কর সংগ্রহ | ধারা ১২৬/ বিধি ৭ | (ক) ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে (প্রতি বর্গমিটারে):<br>(১) আবাসিক উদ্দেশ্যে নির্মিত হলে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকা ৭০০/- টাকা, অন্যান্য এলাকা ৩০০/- টাকা<br>(২) বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মিত হলে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকা ২,০০০/- টাকা, অন্যান্য এলাকা ১,০০০/- টাকা;<br>(খ) দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% | দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি |
| ৩৪. | সরকারি স্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশোধিত কমিশন হতে কর সংগ্রহ | ধারা ১২৭ | ১০% (কমিশন, বাট্টা বা ফি, উহা যে নামেই অভিহিত হোক না কেন তার উপর) | পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
| ৩৫. | সম্পত্তির ইজারা হতে কর কর্তন | ধারা ১২৮ | ৪% (অন্যূন ১০ বছর মেয়াদের কোনো স্থাবর সম্পত্তি) | নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৩৬. | সিগারেট উৎপাদনকারীদের হতে কর সংগ্রহ | ধারা ১২৯ | ১০% (ব্যান্ডরোলের মোট মূল্যের উপর) | ব্যান্ডরোল বিক্রির জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি |
| ৩৭. | ইট প্রস্তুতকারকদের নিকট হতে কর সংগ্রহ | ধারা ১৩০ | (১) ১০৮০০০ ঘনফুট আয়তনের অধিক নয় এরূপ মৌসুমী ইটভাটার ক্ষেত্রে- ৮০,০০০/- টাকা<br>(২) ১০৮০০০ ঘনফুট আয়তনের অধিক কিন্তু ১২৪০০০ ঘনফুটের অধিক নয় এরূপ মৌসুমী ইটভাটার ক্ষেত্রে- ১,২০,০০০/- টাকা<br>(৩) ১২৪০০০ ঘনফুট আয়তনের অধিক এরূপ মৌসুমী ইটভাটার ক্ষেত্রে- ১,৬০,০০০/- টাকা<br>(৪) ক্রমিক ১, ২ ও ৩ এ উল্লিখিত হয়নি এরূপ ইটভাটার ক্ষেত্রে- ২,২০,০০০/- টাকা | ইট প্রস্তুত বা উৎপাদনের লাইসেন্স প্রদান বা নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি |

CamScanner

| ক্রঃ | উৎসে কর কর্তনের খাত | ধারা/বিধি | উৎসে কর কর্তনের প্রযোজ্য হার | কর্তনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৩৮. | ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়নের সময় কর সংগ্রহ | ধারা ১৩১ | (ক) সিটি কর্পোরেশনে ২,০০০/- টাকা;<br>(খ) জেলা সদর দপ্তরের পৌরসভায় ১,০০০/- টাকা;<br>(গ) কোনো পৌরসভায় ৫০০/- টাকা। | বাণিজ্যিক লাইসেন্স নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি |
| ৩৯. | কোনো নিবাসীর জাহাজ ব্যবসা হতে কর সংগ্রহ | ধারা ১৩২ | ৫% (বাংলাদেশে প্রবেশ বা বিদেশে প্রেরিতব্য মোট মালামালের উপর);<br>৩% (দুই বা ততোধিক দেশ কর্তৃক প্রদত্ত পরিসেবার বিনিময়ে গৃহীত বা গৃহীতব্য পরিবহণকৃত মালের উপর) | ক্ষমতাপ্রাপ্ত কাস্টমস কমিশনার বা অন্য কোনো কর্তৃপক্ষ |
| ৪০. | প্রকাশ্যে নিলামের বিক্রি হতে কর সংগ্রহ | ধারা ১৩২ (১)(৫) | ১০% (মোট বিক্রয় মূল্যের); ১% চা বিক্রয়ের ক্ষেত্রে | নিলামে বিক্রয়কারী |
| ৪১. | নৌযান পরিচালনা হতে কর সংগ্রহ | ধারা ১৩৯ | অভ্যন্তরীণ নৌ-পথে (ক) নৌ-যানের দিবাকালীন যাত্রী পরিবহণের ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ১২৫/- টাকা;<br>(খ) কার্গো, কন্টেইনার বা কোস্টারের মালামাল পরিবহণের ক্ষমতার ভিত্তিতে গ্রজ টনেজ প্রতি ১৭০/- টাকা;<br>(গ) ডাম্পবার্জের মালামাল পরিবহণের ক্ষমতার ভিত্তিতে গ্রজ টনেজ প্রতি ১২৫/- টাকা; | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |

## উৎসে কর কর্তন বা সংগ্রহের সাধারণ বিধান (বিধি ১৪) ঃ

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪২(১) মোতাবেক কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে, যার নিকট থেকে কর কর্তন বা সংগ্রহ করা হবে সে ব্যক্তি রিটার্ন দাখিলের প্রমাণ (PSR) উপস্থাপন করতে ব্যর্থ হলে উৎসে কর কর্তন বা সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% (পঞ্চাশ শতাংশ) অধিক হবে।

ধারা ১৪২(২) মোতাবেক কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে, যার নিকট থেকে কর কর্তন বা সংগ্রহ করা হবে সে ব্যক্তি চুক্তিমূল্য, বিল, ভাড়া, ফি, চার্জ, রেমুনারেশন, বেতনাদি বা অন্য কোনো অর্থ পরিশোধ তা যে নামেই অভিহিত হোক না কেন, বাবদ কোনো অর্থ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ না করলে উৎসে কর কর্তন বা সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% (পঞ্চাশ শতাংশ) অধিক হবে।

## উৎসে কর্তনকৃত বা সংগৃহীত কর পরিশোধের পদ্ধতি ঃ

উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ১০ মোতাবেক আয়কর আইন, ২০২৩ এর অংশ ৭ এর আওতাধীন কর কর্তন বা সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে বিধি ৯ এ বর্ণিত নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত কর্তনকৃত অথবা সংগৃহীত কর **এ-চালান** বা বোর্ড কর্তৃক **ই-পেমেন্ট** এর মাধ্যমে সরকারের অনুকূলে জমা প্রদান করতে হবে।

**আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪০। সংজ্ঞা।**- এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে,

(১) "অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি" বলতে–
(অ) "চাকরি হতে আয়" খাতের অধীন আয় হিসাবে পরিগণিত হয় এইরূপ কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে স্বয়ং নিয়োগকর্তা বা যেক্ষেত্রে নিয়োগকর্তা স্থানীয় কর্তৃপক্ষ, কোম্পানি বা প্রতিষ্ঠান হয়, সেক্ষেত্রে অনুরূপ কর্তৃপক্ষ, কোম্পানি বা প্রতিষ্ঠান এবং উহাদের প্রধান কর্মকর্তাও অন্তর্ভুক্ত হবে;
(আ) "আর্থিক পরিসম্পদ হতে আয়" খাতের অধীন কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে, উক্ত আর্থিক পরিসম্পদ ইস্যুকারী কোনো সংস্থা, কোম্পানি বা অন্য কোনো প্রতিষ্ঠান অথবা উক্ত সংস্থা, কোম্পানি বা প্রতিষ্ঠানের প্রধান কর্মকর্তা; এবং
(ই) এই আইনের অধীন করযোগ্য আয় হিসাবে পরিগণিত অন্য কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে বা এই অংশের অধীন উৎসে কর কর্তন বা সংগ্রহ প্রযোজ্য হয় এইরূপ কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে, স্বয়ং অর্থ প্রদানকারী অথবা অর্থ প্রদানকারী কোনো কোম্পানি বা অন্য কোনো প্রতিষ্ঠান হলে, উহার প্রধান কর্মকর্তাও অন্তর্ভুক্ত হবে;

(২) "চুক্তি" অর্থে-চুক্তি, উপ-উপ-চুক্তি, অনুযাত (subsequent) চুক্তি, কোনো সমঝোতা (agreement) বা বন্দোবস্ত (arrangement) যে নামেই অভিহিত হোক না কেন, অন্তর্ভুক্ত হবে;

(৩) "নির্দিষ্ট ব্যক্তি" অর্থ-
(ক) কোনো কোম্পানি, ফার্ম, ব্যক্তিসংঘ, ট্রাস্ট বা তহবিল;
(খ) পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ;
(গ) কোনো বিদেশি ঠিকাদার, বিদেশি এন্টারপ্রাইজ বা বাংলাদেশের বাহিরে প্রতিষ্ঠিত কোনো সংঘ বা সংস্থা;
(ঘ) কোনো হাসপাতাল, ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টার;
(ঙ) বার্ষিক এক কোটি টাকার অধিক টার্নওভার বিশিষ্ট কোনো ই-কমার্স প্লাটফর্ম, যা অন্য কোনো নির্দিষ্ট ব্যক্তি নয়, যে নামেই অভিহিত হোক না কেন;
(চ) বার্ষিক ১ (এক) কোটি টাকার অধিক টার্নওভার বিশিষ্ট হোটেল, রিসোর্ট, মোটেল, রেস্টুরেন্ট, কনভেনশন সেন্টার, কমিউনিটি সেন্টার, ট্রান্সপোর্ট এজেন্সি;
(ছ) কৃষক নন এরূপ কোনো ব্যক্তি যিনি তামাক পাতা, সিগারেট, বিড়ি, জর্দা, গুল ও অন্যান্য তামাক জাতীয় পণ্য উৎপাদন এবং সরবরাহে জড়িত;

(৪) "পরিশোধ" বলতে স্থানান্তর, ক্রেডিট, পরিশোধের সমন্বয় বা কোনো পরিশোধ করার আদেশ বা নির্দেশ অন্তর্ভুক্ত হবে;

(৫) "ভিত্তিমূল্য" বলতে নিম্নবর্ণিত ৩ (তিন) টি বিষয়ের মধ্যে যা অধিক তাকে বুঝাবে-
(অ) চুক্তি মূল্য; (আ) বিল বা ইনভয়েসের অঙ্ক; বা (ই) পরিশোধ।

CamScanner

## সংজ্ঞা ঃ

"কোম্পানি" আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৩১) মোতাবেক "কোম্পানি" অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোনো কোম্পানি, এবং এর অন্তর্ভুক্ত হবে-

(ক) বিদেশি কোনো প্রতিষ্ঠানের লিয়াজোঁ অফিস, রিপ্রেজেন্টেটিভ অফিস বা ব্রাঞ্চ অফিস;
(খ) যেকোনো বিদেশি সত্তা বা ব্যক্তির স্থায়ী কোনো প্রতিষ্ঠান;
(গ) বাংলাদেশের বাহিরের কোনো দেশের আইন দ্বারা বা আইনের অধীন নিবন্ধিত কোনো সংঘ বা সংস্থা;
(ঘ) যেকোনো ব্যাংক, বীমা বা আর্থিক প্রতিষ্ঠান;
(ঙ) যেকোনো শিল্প ও বাণিজ্য সংগঠন, ফাউন্ডেশন, সমিতি, সমবায় সমিতি এবং যেকোনো শিক্ষা প্রতিষ্ঠান;
(চ) এনজিও বিষয়ক ব্যুরো বা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সাথে নিবন্ধিত কোনো প্রতিষ্ঠান;
(ছ) কোনো ফার্ম, ব্যক্তিসংঘ, জয়েন্ট ভেঞ্চার বা ব্যক্তিবর্গের সংগঠন, উহা যে নামেই অভিহিত হোক না কেন, যদি উক্তরূপ ব্যক্তিবর্গের কেহ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত অর্থে কোনো কোম্পানি বা বিদেশি সত্তা হয়;
(জ) সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্থানীয় কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা;
(ঝ) আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত বা গঠিত যেকোনো সত্তা;
(ঞ) স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ, ট্রাস্ট, হিন্দু অবিভক্ত পরিবার ও তহবিল ব্যতীত অন্য সকল সত্তা হয়;
(ট) কোনো আইন দ্বারা বা আইনের অধীন নিগমিত নয়, এইরূপ কোনো বিদেশি সংঘ বা সংস্থা যা, বোর্ড কর্তৃক, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে কোম্পানি হিসাবে ঘোষিত হতে পারে;

"ব্যক্তি" ধারা ২(৬৯) মোতাবেক "ব্যক্তি" অর্থে কোন স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, ব্যক্তিসংঘ, হিন্দু অবিভক্ত পরিবার, ট্রাস্ট, তহবিল ও কোম্পানি অন্তর্ভুক্ত হবে।

## "ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার"

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২৬(৩) এর উদ্দেশ্যপূরণকল্পে, "ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার" বলতে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ (২০১০ সনের ৪৮ নং আইন) এ বর্ণিত ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপারকে বুঝাবে এবং যদি কোনো ব্যক্তি ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপারের অনুরূপ কার্যাবলি সম্পাদনপূর্বক তার নিজের বা অন্যের ভূমি উন্নয়ন করেন অথবা তার নিজের বা অন্যের ভূমিতে স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস নির্মাণ করেন; অথবা ভূমির মালিক বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেসের মালিক ডেভেলপার কো-ডেভেলপারের ন্যায় আচরণ করেন, তা হলে তিনিও এর অন্তর্ভুক্ত হবেন।

"ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপারের অনুরূপ কার্যাবলি" বলতে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত হবে, যথা:

(অ) কোনো ব্যক্তি পণ্যের বিনিময়ে অন্য কোনো ব্যক্তির নিকট হতে Irrevocable Power of Attorney মূলে কোনো ভূমি বা ভবন উন্নয়নপূর্বক বিক্রয় করলে;
(আ) নিজের বা অন্যের ভূমির মধ্যে রাস্তা নির্মাণপূর্বক ভূমি বিক্রয় বা হস্তান্তর করলে;
(ই) নিজের ভূমিতে বা অন্যের ভূমিতে ভবন নির্মাণ করে তা বাণিজ্যিক উদ্দেশ্যে বিক্রয় বা হস্তান্তর করলে;
(ঈ) কোনো ক্ষেত্রে যদি দেখা যায় কোনো বন্দোবস্তের (under any arrangement) অধীন কোনো ভূমি বা ভবন বাণিজ্যিক উদ্দেশ্যে উন্নয়নপূর্বক বিক্রয় বা হস্তান্তর করা হয়েছে;

তবে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ "ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপারের অনুরূপ কার্যাবলি" বলে গণ্য হবে না; যথা:

(১) কোনো ব্যক্তি যদি অর্থের প্রয়োজনে তার বৃহৎ একটি ভূমির খন্ডাংশ বিক্রয় বা হস্তান্তর করেন; বা
(২) নিজে ব্যবহারের উদ্দেশ্যে কোনো ভূমি বা ভবন উন্নয়ন করিয়া পরবর্তীকালে তা একান্ত নিজস্ব প্রয়োজনে বিক্রয় বা হস্তান্তর করেন।

## আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৭৭। উৎসে করের রিটার্ন।-

(১) নিম্নবর্ণিত ব্যক্তিগণ বোর্ড কর্তৃক যেরূপ উপযুক্ত সেরূপ নির্ধারিত ফরমে অংশ ৭ এর বিধানাবলির অধীন কর্তনকৃত বা সংগ্রহকৃত করের রিটার্ন দাখিল করবেন;

(ক) স্থানীয় কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা, সরকারের কোনো কর্তৃপক্ষ, বাংলা ভাষায় পাঠদানকারী প্রাথমিক বা প্রাক-প্রাথমিক বিদ্যালয়, সরকারি মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, বা মাসিক পেমেন্ট আদেশভুক্ত (এমপিও) কোনো শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য কোম্পানি;
(খ) ফার্ম;
(গ) ব্যক্তিসংঘ;
(ঘ) বেসরকারি হাসপাতাল;
(ঙ) ক্লিনিক;
(চ) ডায়াগনস্টিক সেন্টার।

## উৎসে কর বিধিমালা, ২০২৪ এর ধারা ১৫। উৎসে করের রিটার্ন দাখিল।-

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৭৭ মোতাবেক উৎসে কর বিধিমালা, ২০২৪ এর তফসিল ১ এ বর্ণিত ফরমে উৎসে কর এর রিটার্ন দাখিল করতে হবে।

উৎসে কর রিটার্ন ফরম ডাউনলোড করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট www.nbr.gov.bd ভিজিট করুন।

CamScanner

## কর কর্তন বা আদায়, ইত্যাদি সংক্রান্ত সার্টিফিকেট ।-

যেক্ষেত্রে "চাকরি হতে আয়" খাতের অধীন শ্রেণিকরণযোগ্য প্রাপকের আয়, যা সরকার কর্তৃক পরিশোধিত নয়, এর সূত্রে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪৫ এর অধীন কর কর্তনের আওতায় যেকোনো পরিমাণ পরিশোধ করা হয়েছে সেক্ষেত্রে তৎসংক্রান্ত সনদ উৎসে কর বিধিমালা, ২০২৪ এর তফসিল ২ মোতাবেক প্রদান করবেন। {আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪৫/উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ১১(১)}

**তফসিল ২**

[বিধি ১১(১) দ্রষ্টব্য]

"চাকরি হতে আয়" খাতের অধীন শ্রেণিকরণযোগ্য প্রাপকের আয়,

(যা সরকার কর্তৃক পরিশোধিত বেতন নয়)

**হতে উৎসে কর কর্তনের বা সংগ্রহের সনদপত্র**

(১) যে ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক অনুরূপ অর্থ পরিশোধ করা হয়েছে তার নাম ও ঠিকানা:

(২) যে মেয়াদের জন্য পরিশোধটি সম্পন্ন করা হয়েছে:

(৩) কর্মচারীর নাম ও পদবী এবং TIN:

(৪) পরিশোধের বিস্তারিত বিবরণ (যেমন- মূল বেতন, বিবিধ ভাতা এবং অন্যান্য পরিশোধ):

(৫) প্রদত্ত সুবিধাদির মূল্য:

(৬) ধারা ৮৬ এর অধীন প্রয়োজনীয় কর কর্তনের পরিমাণ:

(৭) আয়, রেয়াত বা কর পরিগণনা সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি:

(৮) উৎসে কর কর্তনের পরিমাণ:

(৯) কর্তনকৃত কর সরকারি কোষাগারে জমা বিষয়ে নিম্নবর্ণিত সারণীতে বিবরণাদি:

**সারণী**

| ক্রমিক নং | চালান নম্বর* | চালানের তারিখ | ব্যাংকের নাম | চালানে মোট টাকার পরিমাণ | সনদে উল্লিখিত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| মোট: | | | | | | |
| কথায়: | | | | | | |

সনদ ইস্যুকারী ব্যক্তির নাম, পদবী এবং তারিখসহ স্বাক্ষর

*যদি জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্ট নির্দেশনা অনুযায়ী অন্য কোনো মাধ্যমে অর্থ পরিশোধ করা হয় তাহলে সংশ্লিষ্ট মাধ্যমের তথ্যাদি প্রদান করতে হবে।

যেক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ এর ধারা ৮৬ ব্যতীত অন্য যে কোনো ধারার অধীন কর কর্তন করা হয়েছে, সেক্ষেত্রে ধারা ১৪৫ এ অধীন নিম্নরূপ কর কর্তনের সনদ উৎসে কর বিধিমালা, ২০২৪ এর তফসিল ৩ মোতাবেক প্রদান করবেন। {আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪৫/উৎসে কর বিধিমালা, ২০২৪ এর বিধি ১১(২)}

**তফসিল ৩**

[বিধি ১১(২) দ্রষ্টব্য]

বেতনাদি ব্যতীত হতে উৎসে কর কর্তনের বিস্তারিত

(সার্টিফিকেট ইস্যুকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা)

(অফিসের চিঠির শিরোনাম ব্যবহার করা যাইবে)

**উৎসে কর কর্তনের/সংগ্রহের সনদপত্র**

নং- তারিখ:

| | | |
|---|---|---|
| ০১। | পরিশোধকারীর নাম: | |
| ০২। | পরিশোধকারীর ঠিকানা: | |
| ০৩। | পরিশোধকারীর TIN আছে কিনা? | হ্যাঁ ☐ না ☐ |
| ০৪। | ১২ ডিজিটের TIN (যদি ৩ নং ক্রমিকের উত্তর হ্যাঁ হয়) | |
| ০৫। | কোন সময়কালের জন্য পরিশোধ করা হয়েছে [হতে (তারিখ) - পর্যন্ত (তারিখ)] | |

০৬. অর্থ পরিশোধ এবং কর কর্তনের বিবরণ (প্রয়োজন অনুযায়ী ছক সংযুক্ত করুন)

| ক্রমিক নং- | পরিশোধের তারিখ | পরিশোধের বিবরণ | ধারা | পরিশোধের পরিমাণ (টা:) | কর কর্তনের পরিমাণ (টা:) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| | | | মোট: | | | |

CamScanner

০৭. উৎসে কর্তিত কর সরকারি কোষাগারে পরিশোধ (প্রয়োজন অনুযায়ী ছক সংযুক্ত করুন)

| ক্রমিক নং | চালান নম্বর* | চালানের তারিখ | ব্যাংকের নাম | চালানে উল্লিখিত মোট পরিমাণ (টা:) | সনদপত্রের সংশ্লিষ্ট পরিমাণ (টা:) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| মোট: | | | | | | |
| কথায়: | | | | | | |

* যদি জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্ট নির্দেশনা অনুযায়ী অন্য কোনো মাধ্যমে অর্থ পশোধ করা হয় তাহলে সংশ্লিষ্ট মাধ্যমের তথ্যাদি প্রদান করতে হবে।

উপরে প্রদত্ত তথ্যাদি সঠিক এবং সম্পূর্ণ; এই মর্মে সত্যায়িত করুন।

সনদপত্রটি ইস্যুকারী ব্যক্তির নাম:
পদবী:
উইথহোল্ডার আইডেন্টিফিকেশন নম্বর:
ফোন ও ই-মেইল:

স্বাক্ষর এবং সিল
তারিখ:

যেক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ এর অংশ ৭ এর অধীন যে কোনো পরিমাণ কর সংগ্রহ করা হয়েছে সেক্ষেত্রে ধারা ১৪৫ এর অধীন নিম্নরূপ সংগ্রহের সনদ উৎসে কর বিধিমালা, ২০২৪ এর তফসিল ৪ মোতাবেক প্রদান করবেন। {আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪৫/উৎসে কর বিধিমালা, ২৪ এর বিধি ১১(৩)}

## তফসিল ৪

[বিধি ১১(৩) দ্রষ্টব্য]

উৎসে কর কর্তনের/সংগ্রহের বিস্তারিত

(সার্টিফিকেট ইস্যুকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা)

(অফিসের চিঠির শিরোনাম ব্যবহার করা যাবে)

### উৎসে কর কর্তনের/সংগ্রহের সনদপত্র

নং-

তারিখ:

| | | |
|---|---|---|
| ০১। | যে ব্যক্তির নিকট হতে কর কর্তন/সংগ্রহ করা হয়েছে তার নাম: | |
| ০২। | ঠিকানা: | |
| ০৩। | ব্যক্তির TIN আছে কিনা? | হ্যাঁ ☐ না ☐ |
| ০৪। | TIN (যদি ৩ নং ক্রমিকের উত্তর হ্যাঁ হয়) | |

০৫. কর সংগ্রহের বিবরণসমূহ (প্রয়োজন অনুযায়ী ছক সংযুক্ত করুন)

| ক্রমিক নং- | সংগ্রহের তারিখ | কর সংগ্রহের বিবরণ | ধারা | কর সংগ্রহের পরিমাণ (টা:) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | | | | | |
| ২। | | | | | |
| | | | মোট- | | |

০৬. সংগৃহীত কর সরকারি কোষাগারে পরিশোধ (প্রয়োজন অনুযায়ী ছক সংযুক্ত করুন)

| ক্রমিক নং | চালান নম্বর* | চালানের তারিখ | ব্যাংকের নাম | চালানে উল্লিখিত মোট পরিমাণ (টা:) | সনদপত্রের সংশ্লিষ্ট পরিমাণ (টা:) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| মোট: | | | | | | |
| কথায়: | | | | | | |

* যদি জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্ট নির্দেশনা অনুযায়ী অন্য কোনো মাধ্যমে অর্থ পশোধ করা হয় তাহলে সংশ্লিষ্ট মাধ্যমের তথ্যাদি প্রদান করতে হবে।

উপরে প্রদত্ত তথ্যাদি সঠিক এবং সম্পূর্ণ; এই মর্মে সত্যায়িত করুন।

সনদপত্রটি ইস্যুকারী ব্যক্তির নাম:
পদবী:
উইথহোল্ডার আইডেন্টিফিকেশন নম্বর:
ফোন ও ই-মেইল:

স্বাক্ষর এবং সিল
তারিখ:

CamScanner